# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪১৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৪. নাপাক ব্যাক্তি ও ঋতুবতী মহিলার কুরআন পড়া নিষেধ

بَابٌ فِي النَّهْيِ لِلْجُنُبِ وَالْحَائِضِ عَنْ قِرَاءَةِ الْقُرْآنِ

আরবী

أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ وَإِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، قَالَا : نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ الدَّقِيقِيُّ ، نَا يَزِيدُ بْنُ هَارُونَ ، نَا عَامِرُ بْنُ السِّمْطِ ، نَا أَبُو الْغَرِيفِ الْهَمْدَانِيُّ ، قَالَ : كُنَّا مَعَ عَلِيٍّ فِي الرَّحْبَةِ ، فَخَرَجَ إِلَى أَقْصَى الرَّحْبَةِ ، فَوَاللَّهِ ، مَا أَدْرِي أَبَوْلًا أَحْدَثَ أَوْ غَائِطًا ، ثُمَّ جَاءَ فَدَعَا بِكُوزٍ مِنْ مَاءٍ ، فَغَسَلَ كَفَّيْهِ ، ثُمَّ قَبَضَهُمَا إِلَيْهِ ، ثُمَّ قَرَأَ صَدْرًا مِنَ الْقُرْآنِ ، ثُمَّ قَالَ : اقْرَءُوا الْقُرْآنَ مَا لَمْ يُصِبْ أَحَدَكُمْ جَنَابَةٌ ، فَإِنْ أَصَابَتْهُ جَنَابَةٌ فَلَا ، وَلَا حَرْفًا وَاحِدًا . هُوَ صَحِيحٌ عَنْ عَلِيٍّ

বাংলা

৪১৮(৭). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবুল গারীফ আল-হামদানী (রহঃ) বলেন, আমরা আলী (রাঃ)-এর সাথে আর-রাহবা নামক স্থানে ছিলাম। তিনি আর-রাহবার শেষ প্রান্তে গেলেন। আল্লাহর শপথ! আমি জানি না তিনি সেখানে গিয়ে কি পেশাব করেছেন নাকি পায়খানা করেছেন। তারপর তিনি ফিরে এসে এক পাত্র পানি নিয়ে ডাকলেন। তিনি তার উভয় হাত কজি পর্যন্ত ধৌত করেন। উভয় হাত নিজের দিকে গুটিয়ে আনেন, তারপর কুরআনের প্রথম দিক থেকে পাঠ করেন এবং বলেন, তোমাদের যে কেউ অপবিত্র না হওয়া পর্যন্ত কুরআন পাঠ করতে পারবে এবং অপবিত্র হলে কুরআন পাঠ করবে না, এমনকি একটি শব্দও পাঠ করবে না।

আলী (রাঃ)-র বক্তব্য হিসেবে এই হাদীস সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ⎕ বর্ণনাকারীঃ আবুল গারীফ আল-হামদানী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80207

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন